রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শত্রুদের দেশে কুরআন নিয়ে ভ্রমণ করতে নিষেধ করেছেন।

আব্দুল্লাহ ইবন উমার রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে মারফূ‘ হিসেবে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শত্রুদের দেশে কুরআন নিয়ে ভ্রমণ করতে নিষেধ
করেছেন।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কুরআন নিয়ে কাফিরদের দেশে ভ্রমণ করতে নিষেধ করেছেন, যারা ইসলামকে দীন হিসেবে গ্রহণ করেনি। কারণ, সেখানে অপমানের সম্মুখীন হতে পারে। আর যদি নিরাপত্তার ধারণা অধিক হয় তাহলে তাদের দেশে কুরআন নিয়ে ভ্রমণে কোনো অসুবিধা নেই।

http://www.sunnah.global/hadeeth/bn/show/5738